

# এসএসসির ফল প্রকাশ কবে, জানালেন শিক্ষামন্ত্রী

অনলাইন ডেস্ক

প্রকাশ: ১৫ জুন, ২০২৬ ১২:৪৪



রাজধানীর মোহাম্মদপুরে 'প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা ২০২৬'-এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দিচ্ছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহসানুল হক মিলন। ছবি : সংগৃহীত

চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল আগামী ২০ জুলাইয়ের মধ্যে প্রকাশ করা হবে। একই সঙ্গে চলতি মাসের শেষ সপ্তাহ থেকে শিক্ষার্থীদের মাঝে

বিনা মূল্যে স্কুলড্রেস বিতরণ শুরুর কথা জানালেন শিক্ষা  
এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আনম এহসানুল হক  
মিলন।

সোমবার (১৫ জুন) সকালে রাজধানীর মোহাম্মদপুরে  
‘প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা ২০২৬’-এর  
উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ তথ্য জানান।

শিক্ষাব্যবস্থাকে সেশনজটমুক্ত করার লক্ষ্যে মন্ত্রী বলেন,  
‘২০২৮ সালের পর থেকে এইচএসসি পরীক্ষা দেওয়ার  
পর শিক্ষার্থীদের আর দীর্ঘ অপেক্ষা করে সময় নষ্ট করতে  
হবে না। ফলাফল হওয়ার সঙ্গে সঙ্গেই তারা  
বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারবে।’

পাঠ্যপুস্তক পরিমার্জন প্রসঙ্গে তিনি জানান, চলতি  
বছরের ডিসেম্বর মাসের মধ্যে দেশের সব স্কুলে  
পরিমার্জিত ও সংশোধিত নতুন বই পৌঁছে দেওয়া হবে।

এতে নতুন বছর শুরুতেই শিক্ষার্থীরা বই পাবে।

শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে জোর দিয়ে  
মন্ত্রী বলেন, ‘শিক্ষার্থীদের শুধু চার দেয়ালের মাঝে  
পড়াশোনার ভেতরেই আটকে রাখা যাবে না, পড়াশোনার  
পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমের ওপরও বিশেষ গুরুত্ব  
দিতে হবে।’